

পাবিপ্রবিতে

শিক্ষার্থীদের ৬ষ্ঠ দিনের বিশ্লেষণ

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক, পাবনা

| ঢাকা, মঙ্গলবার, ০৫ নভেম্বর ২০১৯

উপাচার্য অধ্যাপক ড. রোকেয়া আলীসহ প্রশাসনিক কর্মকর্তাদের পদত্যাগের দাবিতে গতকালও বিশ্লেষণ করেছে পুরুষ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ষষ্ঠদিনের মতো সকাল থেকে ক্যাম্পাসে বিশ্লেষণ মিছিল করে আন্দোলনরত শিক্ষার্থীরা। পরে প্রশাসনিক ভবনের সামনে গিয়ে বিশ্লেষণ প্রদর্শন করে তারা।

উদ্বৃত্ত পরিস্থিতি স্বাভাবিক ও শিক্ষার পরিবেশ সুষ্ঠুত রাখতে মানববন্ধন করে বিশ্ববিদ্যালয় শিক্ষক সিমিতি। অচল বিশ্ববিদ্যালয়ে সংকট নিরসের পদক্ষেপ না নিয়ে রাতের আধারে ভিসির ক্যাম্পাস ত্যাগের অভিযোগ করেন শিক্ষার্থীরা। আন্দোলনরত শিক্ষার্থীর্য জনান, সম্প্রতি ফুস হওয়া পাবিপ্রবি উপাচার্য ড. এম রোকেয়া আলীর কাছে চাকরিপ্রার্থীর ঘূষ ফেরত চাওয়ার অডিও তদন্তসহ ১২ দফা দাবি পূরণে আন্দোলন করে আসছেন তারা। কিন্তু দাবি পূরণে বেঁধে দেয়া সময়সীমা পার হলেও প্রশাসন কোন পদক্ষেপ না নেয়ায় উপাচার্যসহ প্রশাসনিক কর্মকর্তাদের পদত্যাগের এক দফা দাবিতে গত বুধবার থেকে আন্দোলন শুরু করে তারা। আগামী ১৫ নভেম্বর

বিশ্ববিদ্যালয়ের ভার্ত পরীক্ষার আগেই দাব বাস্তবায়ন চান শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা জানান আমাদের দাবি নিয়ে
আলোচনায় না বসে রোববার রাতে গোপনে
বিশ্ববিদ্যালয়ের বাংলো ছেড়ে পালিয়ে যায় ভিসি
স্যার। সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত এই
বিশ্ববিদ্যালয়ে কোন কার্যক্রম চলতে দেয়া হবে
না বলে জানান তারা।

এদিকে সংকট নিরসনে জরুরি ভিত্তিতে প্রভেস্ট,
অনুষ্ঠান ডিন, প্রক্টর ও ছাত্র উপদেষ্টাদের নিয়ে
জরুরি বৈঠক করে ১০ সদস্য বিশিষ্ট একটি
কমিটি গঠন করা হয়েছে বলে জানা গেছে।
বঙ্গবন্ধু হলের প্রভেস্ট মো. সাইফুল ইসলামকে
কমিটির সমন্বয়ক করা হয়েছে। কিন্তু দায়িত্বপ্রাপ্ত
শিক্ষকেরা এখনও ছাত্রদের সঙ্গে কোন ধরনের
আলোচনায় বসেননি বলে জানিয়েছেন
আন্দোলনরত শিক্ষার্থীরা।

এদিকে, একাডেমিক কার্যক্রম চালু রাখতে সুষৃষ্ট
কর্মপরিবেশ নিশ্চিতের দাবিতে গতকাল
মানববন্ধন করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা।
বেলা সাড়ে ১১টার দিকে বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতির আয়োজনে প্রশাসনিক ভবনের সামনে
এই কর্মসূচি পালন করেন তারা। এ সময় শিক্ষক
নেতারা বলেন, শিক্ষার্থীদের আন্দোলনের কুরণে
যেন শিক্ষার পরিবেশ ব্যাহত না হয়। শিক্ষার্থীদের
দুঃবি নিয়ে আলোচনার মাধ্যমে সমাধানের পথ
খুঁজে বের করার আহ্বান জানান শিক্ষকরা।

বিশ্ববিদ্যালয়ে অচল অবস্থার বিষয় নিয়ে কথা
বলেন পাবিপ্রবির প্রক্টর ড. প্রীতম কুমার দাস।

তান বলেন, সংকট নরসনের জুন্য ভাস স্যার
একটি কমিটি গঠন করে দিয়েছেন। সেই
কমিটির দায়িত্বপ্রাপ্ত শিক্ষকেরা ছাত্রদের সঙ্গে
আলোচনায় বসে চলমান সমস্যার সমাধান
করবেন। আর সামনে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা
অনুষ্ঠিত হবে সেই কাজে ভিসি স্যার বাইরে
গেছেন। তবে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা
হয়নি বলে জানান তিনি।